




## প্রধানমন্ত্রীর ভারত সফর নিয়ে আশাবাদ ভারতীয় হাইকমিশনারের



ভারতীয় হাইকমিশনার দীনেশ দ্বিবেদী। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান নির্ধারিত সময়ে ভারত সফরে যাবেন বলে আশাবাদ ব্যক্ত করেছেন বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ দ্বিবেদী।

সোমবার (৭ সেপ্টেম্বর) দুপুরে সচিবালয়ে পরিবেশ মন্ত্রী আবদুল আউয়াল মিন্টুর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এ কথা বলেন।

ভারতীয় হাইকমিশনার বলেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে অর্থনীতি ও বাণিজ্যের বাইরেও পরিবেশসংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় রয়েছে। এসব ইস্যুতে দুই দেশ একসঙ্গে কাজ করবে বলে জানান তিনি।

দীনেশ দ্বিবেদী বলেন, দুই দেশের জনগণের মধ্যে পারস্পরিক সম্পর্ক আরও শক্তিশালী হোক, সেটিই ভারতের প্রত্যাশা। পরিবেশ সুরক্ষা ও সংশ্লিষ্ট বিষয়গুলোতেও বাংলাদেশ ও ভারত যৌথভাবে কাজ করবে বলে তিনি উল্লেখ করেন।

বৈঠক প্রসঙ্গে পরিবেশ মন্ত্রী আবদুল আউয়াল মিন্টু বলেন, ভারতের সঙ্গে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক বেশ শক্তিশালী।

প্রতিবেশী দেশ হিসেবে ভারতের সঙ্গে রাজনৈতিক ও বাণিজ্যিক সম্পর্কসহ বিভিন্ন বিষয় নিয়ে দুই দেশের আলোচনা অব্যাহত থাকবে বলেও জানান তিনি।